# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪১.০০২.২৩-৫০৫

তারিখ: ১৭ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ / ০১ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

## আলিম পরীক্ষা-২০২৪

## স্থগিতকৃত পরীক্ষাসমূহের নতুন সময়সূচি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ২০২৪ সালের স্থগিতকৃত আলিম পরীক্ষাসমূহ নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এই সময়সূচি পরিবর্তন করতে পারবে।

| তারিখ | দিন | বিষয় ও সময়<br>সকাল ১০টা হতে দুপুর ১টা পর্যন্ত | বিষয় কোড |
|---|---|---|---|
| ১১/০৮/২০২৪ | রবিবার | আল ফিক্‌হ প্রথম পত্র | ২০৩ |
| ১২/০৮/২০২৪ | সোমবার | আল ফিক্‌হ দ্বিতীয় পত্র | ২০৪ |
| ১৪/০৮/২০২৪ | বুধবার | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ২৪০ |
| ১৮/০৮/২০২৪ | রবিবার | ১. বালাগাত ও মানতিক (সাধারণ বিভাগ) | ২১০ |
| | | ২. পদার্থবিজ্ঞান প্রথম পত্র (তত্ত্বীয়) | ২২৪ |
| | | ৩. তাজভিদ প্রথম পত্র (মুজাব্বিদ মাহির বিভাগ) | ২৩২ |
| ২০/০৮/২০২৪ | মঙ্গলবার | ১. ইসলামের ইতিহাস | ২০৯ |
| | | ২. পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র (তত্ত্বীয়) | ২২৫ |
| | | ৩. তাজভিদ দ্বিতীয় পত্র (মুজাব্বিদ মাহির বিভাগ) | ২৩৩ |
| ২২/০৮/২০২৪ | বৃহস্পতিবার | ১. রসায়ন প্রথম পত্র (তত্ত্বীয়) | ২২৬ |
| | | ২. অর্থনীতি প্রথম পত্র (অতিরিক্ত বিষয়) | ২১৩ |
| | | ৩. পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র (অতিরিক্ত বিষয়) | ২৪১ |
| | | ৪. উর্দু প্রথম পত্র (অতিরিক্ত বিষয়) | ২১৯ |
| | | ৫. ফার্সি প্রথম পত্র (অতিরিক্ত বিষয়) | ২২১ |
| ২৫/০৮/২০২৪ | রবিবার | ১. রসায়ন দ্বিতীয় পত্র (তত্ত্বীয়) | ২২৭ |
| | | ২. অর্থনীতি দ্বিতীয় পত্র (অতিরিক্ত বিষয়) | ২১৪ |
| | | ৩. পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র (অতিরিক্ত বিষয়) | ২৪২ |
| | | ৪. উর্দু দ্বিতীয় পত্র (অতিরিক্ত বিষয়) | ২২০ |
| | | ৫. ফার্সি দ্বিতীয় পত্র (অতিরিক্ত বিষয়) | ২২২ |
| ২৭/০৮/২০২৪ | মঙ্গলবার | জীববিজ্ঞান প্রথম পত্র (তত্ত্বীয়) | ২৩০ |
| ২৯/০৮/২০২৪ | বৃহস্পতিবার | জীববিজ্ঞান দ্বিতীয় পত্র (তত্ত্বীয়) | ২৩১ |
| ০১/০৯/২০২৪ | রবিবার | উচ্চতর গণিত প্রথম পত্র (তত্ত্বীয়) | ২২৮ |
| ০৩/০৯/২০২৪ | মঙ্গলবার | উচ্চতর গণিত দ্বিতীয় পত্র (তত্ত্বীয়) | ২২৯ |

### বন্যার কারণে সিলেট বিভাগের স্থগিতকৃত পরীক্ষাসমূহের সময়সূচি

| | | | |
|---|---|---|---|
| ১০/০৯/২০২৪ | মঙ্গলবার | কুরআন মাজিদ | ২০১ |
| ১২/০৯/২০২৪ | বৃহস্পতিবার | ১. আরবি প্রথম পত্র (সাধারণ বিভাগ) | ২০৫ |
| | | ২. আরবি সাহিত্য (বিজ্ঞান ও মুজাব্বিদ মাহির বিভাগ) | ২২৩ |
| ১৫/০৯/২০২৪ | রবিবার | বাংলা প্রথম পত্র | ২৩৬ |
| ১৭/০৯/২০২৪ | মঙ্গলবার | বাংলা দ্বিতীয় পত্র | ২৩৭ |

## ব্যবহারিক বিষয়ের পরীক্ষার সময়সূচি :

| বিষয় | তারিখ | মন্তব্য |
|---|---|---|
| ব্যবহারিক বিষয়ের পরীক্ষা | সিলেট বিভাগ ব্যতীত অন্যান্য বিভাগে ০৫/০৯/২০২৪ তারিখ হতে ১২/০৯/২০২৪ তারিখ এবং সিলেট বিভাগে ১৮/০৯/২০২৪ থেকে ২৫/০৯/২০২৪ তারিখের মধ্যে ব্যবহারিক পরীক্ষা শেষ করতে হবে (উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে)। **এ বোর্ডের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশিত সূচি অনুযায়ী ভারপ্রাপ্ত কর্মকর্তা অথবা তাঁর প্রতিনিধিকে অব্যবহৃত উত্তরপত্র ও খালি ট্রাংক ভান্ডার রক্ষকের নিকট এবং ব্যবহারিক উত্তরপত্র,স্বাক্ষরলিপি ও অন্যান্য কাগজপত্র হাতে হাতে আলিম শাখায় জমা দিতে হবে। সিলেট বিভাগ ব্যতীত অন্যান্য বিভাগে ১৩/০৯/২০২৪ তারিখের মধ্যে এবং সিলেট বিভাগে ২৬/০৯/২০২৪ তারিখের মধ্যে ব্যবহারিক পরীক্ষার নম্বর ও মৌখিক পরীক্ষার নম্বর অনলাইনে শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে।** | পরীক্ষার্থী নিজ দায়িত্বে পরীক্ষার তারিখ, সময় ও স্থান নিজ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষের নিকট হতে জেনে নিবে। |

**বিশেষ দ্রষ্টব্য:**

1. **বিগত ০৯ জুলাই ২০২৪ তারিখ স্মারক নং ৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪২.০০২.২৩-৪৮৬ সিলেট বিভাগের স্থগিতকৃত পরীক্ষাসমূহের প্রকাশিত সময়সূচি বাতিল করা হলো।**
2. **ফেনী জেলার ফুলগাজী কেন্দ্রের (কেন্দ্র কোড-৬৪৮) ও পরশুরাম কেন্দ্রের (কেন্দ্র কোড-৬৪৪) (বিষয়: আরবি প্রথম পত্র, বিষয় কোড-২০৫), পরীক্ষা ১২/০৯/২০২৪ তারিখ, বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে।**
3. **সিলেট বিভাগ ব্যতীত অন্যান্য বিভাগের প্রশ্নপত্রের ট্রাংক ০৩/০৯/২০২৪ তারিখের পরে এবং সিলেট বিভাগের প্রশ্নপত্রের ট্রাংক ১৭/০৯/২০২৪ তারিখের পরে ট্রেজারি/থানার মালখানা থেকে কেন্দ্রে আনতে হবে।**

## বিশেষ নির্দেশাবলি

১. ২০২৪ সালের আলিম পরীক্ষা এনসিটিবি কর্তৃক পুনর্বিন্যাসকৃত সিলেবাসে পূর্ণ সময়ে এবং পূর্ণ নম্বরে অনুষ্ঠিত হবে।

২. পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।

৩. প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৪. ৩০ নম্বরের বহুনির্বাচনি (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ৩০ মিনিট এবং ৭০ নম্বরের সৃজনশীল (CQ)পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘন্টা ৩০ মিনিট, ব্যবহারিক বিষয় সম্বলিত পরীক্ষার ক্ষেত্রে ২৫ নম্বরের বহুনির্বাচনি (MCQ) অংশের জন্য সময় ২৫ মিনিট এবং ৫০ নম্বরের সৃজনশীল (CQ) অংশের জন্য সময় ২ ঘন্টা ৩৫ মিনিট।

পরীক্ষা বিরতিহীনভাবে প্রশ্নপত্রে উল্লিখিত সময় পর্যন্ত চলবে। MCQ এবং CQ উভয় অংশের পরীক্ষার মধ্যে কোন বিরতি থাকবে না।

(ক) সকাল ১০.০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে

সকাল ০৯.৩০ মিনিটে অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ।

সকাল ১০.০০ টা বহুনির্বাচনী প্রশ্নপত্র বিতরণ।

সকাল ১০.৩০ মিনিটে বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ। (২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে এ সময় ১০.২৫ মিনিট এবং ৩০ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে এ সময় ১০.৩০ মিনিট)।

৫. পরীক্ষার্থীগণ তাঁদের প্রবেশপত্র নিজ নিজ মাদ্রাসা প্রধানের নিকট হতে পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ০৭ (দিন) দিন পূর্বে সংগ্রহ করবেন।

৬. প্রত্যেক পরীক্ষার্থী সরবরাহকৃত মূল উত্তরপত্র এবং MCQ-OMR ফরমে তার পরীক্ষার রোলনম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয়কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোনভাবেই মার্জিনের মধ্যে লেখা কিংবা অন্য কোন প্রয়োজনে উত্তরপত্র ভাঁজ করা যাবে না।

৭. ব্যবহারিক সম্বলিত বিষয়ে তত্ত্বীয়, বহুনির্বাচনি ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে।

৮. প্রত্যেক পরীক্ষার্থী কেবল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রে উল্লিখিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই অন্য বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৯. ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা স্ব-স্ব কেন্দ্রে অনুষ্ঠিত হবে। তবে কেন্দ্রস্থিত মাদ্রাসায় বিজ্ঞান বিভাগ না থাকলে বিজ্ঞান বিভাগ আছে এমন মাদ্রাসায় ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১০. পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর (Non-Programmable) ব্যবহার করতে পারবে। প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কেউ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে ও ব্যবহার করতে পারবেন না। ভারপ্রাপ্ত কর্মকর্তা যোগাযোগের প্রয়োজনে সাধারণ (নন-এনড্রয়েড) মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন।

১২. তত্ত্বীয়/সৃজনশীল/বহুনির্বাচনি, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় একই স্বাক্ষরলিপি ব্যবহার করতে হবে। এটি পরীক্ষায় উপস্থিতির নির্ভরযোগ্য দলিল।

১৩. মুজাব্বিদ মাহির বিভাগের কিরআতে তারতিল (বিষয় কোড-২৩৪) ও কিরআতে হাদর (বিষয় কোড-২৩৫) এর মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৪. পরীক্ষার ফল প্রকাশের পর বোর্ড নির্ধারিত সময়ের মধ্যে উত্তরপত্র পুন:নিরীক্ষণের জন্য অনলাইনে SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।

০১/০৮/২৪


প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৮৬১০২০২
ই-মেইল: controller@bmeb.gov.bd